কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে কোটি টাকার মাদক উদ্ধার

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে কোটি টাকার মাদক উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

শুক্রবার রাত থেকে শনিবার সকাল পর্যন্ত দৌলতপুর সীমান্ত এলাকায় পৃথক অভিযানে এসব মাদক উদ্ধার করে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

উদ্ধার করা মাদকের মধ্যে হলো ৫‘শ গ্রাম হেরোইন, ১ হাজার ৪‘শ ৪৭ বোতল ফেনসিডিল, ৮‘শ ৭৫ বোতল মদ, ৫ হাজার ৪‘শ ৭৩ পিস্ ইয়াবা ট্যাবলেট এবং ৮ কেজি ৩‘শ গ্রাম গাঁজা।

উদ্ধার করা মাদকের মুল্য ৯৩ লাখ টাকা বলে বিজিবি সূত্র জানিয়েছে।

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) কুষ্টিয়া ৪৭ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল ফরহাদ হারুন চৌধুরী জানান, শুক্রবার সন্ধ্যা থেকে শনিবার সকাল পর্যন্ত ভারত সীমান্ত সংলগ্ন বিজিবি‘র বিওপি ক্যাম্পের টহলরত সদস্যরা পৃথক পৃথক অভিযান চালিয়ে বিপুল পরিমাণ হেরোইন, ফেনসিডিল, ইয়াবা ট্যাবলেট,গাঁজা ও মদ উদ্ধার করেছে।

গাংনীতে দুস্থ ও অসহায়দের মাঝে ঢেউটিন, চেক ও কম্বল বিতরণ

মেহেরপুরের গাংনীতে দুস্থ ও অসহায়দের মাঝে ঢেউটিন চেক ও কম্বল বিতরণ করা হয়েছে। শনিবার সকালে মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান প্রধান অতিথী হিসেবে এসব মালামাল বিতরণ করেন।

এর মধ্যে ২০০ বান্ডিল ঢেউটিন, ২হাজার পিচ কম্বল ও ৪৫ জনকে ৮৫ লাখ টাকার চেক দেয়া হয়।

সাহিদুজ্জামান বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সব সময় জনগনের পাশে রয়েছেন। অসুস্থ ব্যক্তিদের চিকিৎসার জন্য তিনি অর্থ দেন। তেমনি শীতার্তদের জন্য কম্বল বিতরণ করেছেন। সেই সাথে গরীব দুখি মানুষ ও মসজিদ, মন্দিরের জন্য ঢেউটিন বরাদ্দ দিয়েছেন যা বিতরণ করা হয়।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে সাংস্কৃতিক কর্মী সম্মেলন

ঝিনাইদহ জেলার প্রায় তিন শতাধিক সাংস্কৃতিক কর্মীদের নিয়ে শনিবার সকাল ১০ টায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে ঝিনাইদহ জেলা সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে অনুষ্ঠিত হয় দিনব্যাপী সাংস্কৃতিক কর্মী সম্মেলন।

জাতীয় সংগীতের সাথে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। উদ্বোধন পর একটি বর্ণাঢ্য র্যালী শিল্পকলা একাডেমি হতে পায়রা চত্ত্বর ঘুরে শিল্পকলা মিলনায়তনে মিলিত হয়ে আনুষ্ঠানিক প্রশিক্ষণ শুরু হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ২ আসনের সংসদ সদস্য আব্দুল হাই এমপি।

অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন ঝিনাইদহ পৌরমেয়র সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ পৌর আওয়ামীলীগে সাধারণা সম্পাদক মো: নজরুল ইসলাম।

দিনব্যাপী এই কর্মী সম্মেলনের প্রশিক্ষক ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, প্রফেসর ড.বি এম রেজাউল করিম, প্রফেসর ড রবিউল হোসেন প্রমুখ।

অনুষ্ঠানের সভাপতিত্ব করে সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি শান্ত জর্দ্দার। সকল সাংস্কৃতিক কর্মীদের সরব উপস্তিতির মধ্য দিয়ে একটি চমৎকার মিলনমেলায় পরিণত হয় শিল্পকলা মিলনায়তন।

এসএসসি-এইচএসসির সংশোধিত সিলেবাস প্রকাশ

২০২১ সালের এসএসসি এবং এইচএসসি পরীক্ষার সংশোধিত সংক্ষিপ্ত সিলেবাস প্রকাশ করা হয়েছে। শুক্রবার দুপুর থেকে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে সংক্ষিপ্ত সিলেবাসটি পাওয়া যাচ্ছে। সিলেবাস এমনভাবে করা হয়েছে যাতে স্বল্পসময়ে পরীক্ষার প্রস্তুতি নেওয়া যায়।

জানা গেছে, বৃহস্পতিবার শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সভাপতিত্বে হওয়া বৈঠকে এ সিলেবাসের চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। এরপর শুক্রবার সেটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

এর আগে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের জন্য এ সিলেবাস তৈরি করে। যদিও গত ২৫ জানুয়ারি এসএসসি পরীক্ষার জন্য সিলেবাস প্রকাশ করা হয়েছিল, তবে শিক্ষামন্ত্রী সম্প্রতি এনসিটিবিতে সভা করে দুই সিলেবাস নতুন করে প্রকাশের নির্দেশ দিয়েছিলেন।

করোনা ভাইরাসে সংক্রমণের পর গত ১৭ মার্চ থেকে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়। কওমি মাদরাসা বাদে অন্যসব শিক্ষাপ্রতিষ্ঠানে আগামী ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত ছুটি ঘোষণা করা আছে। তবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো খোলার প্রস্তুতি নিতে প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

এছাড়া ৪ ফেব্রুয়ারি মধ্যে সব শিক্ষাপ্রতিষ্ঠানকে তাদের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের জন্য স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করতে পদক্ষেপ নিতে বলা হয়েছিলো। যাতে করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ

পাওয়া মাত্র শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেওয়া যায়।

বাংলাদেশ ও ভারতের মৈত্রীর বন্ধন দৃঢ় থেকে দৃঢ়তর হবে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতার অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ হয়ে বাংলাদেশ ও ভারত দুই বন্ধুপ্রতিম দেশের মৈত্রীর বন্ধন দৃঢ় থেকে দৃঢ়তর হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেছেন।

তিনি বলেছেন, “বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে ভারতের অবদান চিরস্মরণীয়। মুক্তিযুদ্ধের সময় আমাদের দেশের প্রায় এক কোটি মানুষকে ভারত যেমন আশ্রয়-খাদ্য-রসদসহ সবরকম সহায়তা দিয়েছে, তেমনি হাজার হাজার ভারতীয় সৈন্য এদেশের স্বাধীনতার জন্য জীবন উৎসর্গ করেছেন। সে কারণে আমাদের দু’দেশের বন্ধুত্ব রক্তের অক্ষরে লেখা। করোনাভাইরাসজনিত বৈশ্বিক মহামারি মোকাবিলাতেও ভারতের পক্ষ থেকে বিশ লাখ ভ্যাকসিন উপহার সেই বন্ধুত্বেরই স্মারক।’

প্রধানমন্ত্রী ১৯৭২ সালের ৬ ফেব্রুয়ারি কলকাতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ উপলক্ষে শুক্রবার দেওয়া এক বাণীতে এ প্রত্যাশার কথা বলেন। এ উপলক্ষে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয় আজ কলকাতায় প্যারেড গ্রাউন্ডে স্মরণসভার আয়োজন করেছে।

শেখ হাসিনা বলেন, ১৯৭২ সালের ৬ ফেব্রুয়ারি কলকাতার বিখ্যাত ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ বাঙালির ইতিহাসে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। আমাদের মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের প্রাক্কালে এবং জাতির পিতার জন্মশতবার্ষিকীতে বাংলাদেশের তথ্য মন্ত্রণালয় ভারতীয় কর্তৃপক্ষের আন্তরিক সহায়তায় মহান দিবসটি উপলক্ষে সেই ঐতিহ্যবাহী প্যারেড গ্রাউন্ডে কলকাতাস্থ বাংলাদেশ উপদূতাবাসকে সঙ্গে নিয়ে যে স্মরণসভা আয়োজন করেছে, তা একটি মাইলফলক উদ্যোগ।

ছাত্রজীবনে জাতির পিতার কলকাতায় অবস্থান অত্যন্ত গুরুত্ববহ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই শহরের ইসলামিয়া কলেজ (বর্তমানে মৌলানা আজাদ কলেজ) থেকে বঙ্গবন্ধু উচ্চ মাধ্যমিক ও স্নাতক ডিগ্রি অর্জন করেন। এ সময়েই তিনি জাতীয় পর্যায়ের নেতৃবৃন্দের সাথে বিভিন্ন রাজনৈতিক কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং শুদ্ধ রাজনীতির চর্চা ও গতিপ্রকৃতি সম্পর্কে গভীর জ্ঞান অর্জন করেন। সমাজতন্ত্র ও গণতন্ত্রের অনন্য সম্মিলনে ধর্মনিরপেক্ষতা কীভাবে সমাজজীবনকে বদলে দিতে পারে, তা তিনি কলকাতা শহরে ছাত্রাবস্থাতেই রপ্ত করেছিলেন।

শেখ হাসিনা বলেন, মুক্তিযুদ্ধ শুরু হলে পশ্চিমবঙ্গেই প্রায় ৭২ লাখ বাংলাদেশি আশ্রয় নিয়েছিলেন। তখন গোটা কলকাতা হয়ে উঠেছিল বাঙালি জাতীয়তাবাদের মিলনমেলা। ভারত সরকারের সহযোগিতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনুরাগী নেতৃবৃন্দ কলকাতাসহ ভারতের বিভিন্ন প্রান্তে অবস্থান করে মুক্তিযুদ্ধ পরিচালনা করেছিলেন। সে সময় কলকাতার কবি-সাহিত্যিক বুদ্ধিজীবীসহ সকলেই বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসামান্য ভূমিকা রেখেছিলেন।

তিনি বলেন, ‘বাংলাদেশ স্বাধীন হলে বাঙালি জাতির পিতার প্রতি তাদের আগ্রহ ছিল সীমাহীন। শেখ মুজিবুর রহমান স্বদেশ প্রত্যাবর্তনের দিনে কলকাতায় যাত্রা বিরতি করবেন, এমনটাই ভেবেছিল কলকাতাবাসী। কিন্তু জাতির পিতা তার স্বপ্নের স্বাধীন দেশের মাটিতে আগে যেতে চেয়েছিলেন বলে ১০ জানুয়ারি ১৯৭২ দিল্লি থেকে সরাসরি ঢাকা যাওয়ার পথে কলকাতার দমদম বিমানবন্দরে বার্তা পাঠান যে, তিনি অতি শিগগিরই কলকাতা আসবেন।’

প্রধানমন্ত্রী বলেন, পরবর্তীতে জাতির পিতা ১৯৭২ সালের ৬ ফেব্রুয়ারি তিনদিনের সফরে কলকাতায় যান এবং ঐতিহাসিক ব্রিগেড প্যারেড গ্রাউন্ডের জনসভায় শ্রীমতি ইন্দিরা গান্ধীর উপস্থিতিতে লক্ষ লক্ষ স্বতঃস্ফূর্ত পশ্চিমবঙ্গবাসীর সম্মুখে ভাষণ প্রদান করেন। সেদিন তিনি উত্তাল জনতার উদ্দেশ্যে বলেছিলেন, ‘আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, ভারত-বাংলাদেশ মৈত্রী চিরদিন অটুট থাকবে’।

তার অগ্নিঝরা ভাষণে উপস্থিত জনতা আবেগপ্লুত হয়েছিলেন উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধে সর্বাত্মক সহযোগিতার জন্য ভারতের জনগণ, সরকার, সশস্ত্রবাহিনী, বিশেষ করে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর প্রতি বঙ্গবন্ধু গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি পশ্চিমবঙ্গ, ত্রিপুরা,

মেঘালয় এবং আসামের জনগণের প্রতিও বিশেষ কৃতজ্ঞতা স্বীকার করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্যারেড গ্রাউন্ডে জাতির পিতার ঐতিহাসিক ভাষণের মাহেদ্রক্ষণে স্বাধীনতার মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করে তার আত্মার শান্তি কামনা করেন। সেই সঙ্গে তিনি গভীর কৃতজ্ঞাভরে স্মরণ করেন, বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে ভারতের জনগণের একাত্মতা ও আত্মত্যাগ।

সূত্র: বাসস

কারচুপির চিত্র তুলে ধরতে ছয় বিভাগে সমাবেশের ঘোষণা

ভোট কারচুপির প্রতিবাদে এবং সুষ্ঠু নির্বাচনের দাবিতে ছয় বিভাগীয় শহরে সমাবেশের কর্মসূচি ঘোষণা করেছে ঢাকা-চট্টগ্রাম-রাজশাহী-খুলনার বিএনপি দলীয় মেয়রপ্রার্থীরা।

.

গতকাল সকালে জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে বরিশাল সিটি করপোরেশনের মেয়র প্রার্থী বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ার এই কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচির মধ্যে রয়েছে চট্টগ্রামে ১৩ ফেব্রুয়ারি, বরিশালে ১৮ ফেব্রুয়ারি, খুলনায় ২৭ ফেব্রুয়ারি, রাজশাহীতে ১ মার্চ, ঢাকা উত্তর ৩ মার্চ এবং ঢাকা দক্ষিণে ৪ মার্চ সমাবেশ।

সরোয়ার বলেন, ছয় মহানগরে ছয়টি সমাবেশ করার সিদ্ধান্ত নিয়েছি। আমরা জনতার সামনে ভোট কারচুপির বিষয়গুলো তুলে ধরতে চাই। ভোটের অধিকারের কথা বলতে চাই। প্রধানমন্ত্রীর বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমরা বলতে চাই, আমাদের জনগণের কাছে যেতে যেন কোনো বাধা না দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে সারোয়ার ছাড়াও রাজশাহীর মোসাদ্দেক হোসেন বুলবুল, চট্টগ্রামের ডা. শাহাদাত হোসেন, ঢাকা উত্তরের তাবিথ

আউয়াল ও ঢাকা দক্ষিণের ইশরাক হোসেন উপস্থিত ছিলেন। খুলনার মেয়র প্রার্থী নজরুল ইসলাম মঞ্জু অনুষ্ঠানে অনুপস্থিত ছিলেন। আয়োজকরা জানান, পারিবারিক কারণে তিনি খুলনায় গেছেন।

এ সময় বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী উপস্থিত থাকলেও তিনি কোনো বক্তব্য রাখেননি। এক প্রশ্নের জবাবে চট্টগ্রামের মেয়র প্রার্থী ডা. শাহাদাত হোসেন বলেন, আমরা ভেবেছিলাম সরকারের শুভবুদ্ধির উদয় হবে-চট্টগ্রামে নিরপেক্ষ নির্বাচন হবে। কিন্তু আমরা দেখছি চট্টগ্রামের সিটি নির্বাচনে রাষ্ট্রযন্ত্র, প্রশাসনযন্ত্র, আওয়ামী লীগ ও সরকার মিলেমিশে একাকার হয়ে গেছে।

এই যে ছয়টি মহানগরে সমাবেশ হবে- এগুলো অত্যন্ত শান্তিপূর্ণভাবে হবে। জনগণ আমাদের প্রধান শক্তি। আমরা তাদের কাছে আপিল করব-নিরপেক্ষ গ্রহণযোগ্য বডির অধীনে নির্বাচন চাই, যে বডি কারচুপি করবে না।

ঢাকা উত্তরের সিটি নির্বাচনে ধানের শীষের প্রার্থী তাবিথ আউয়াল বলেন, একবছরপূর্তি হতে যাচ্ছে ঢাকা উত্তর সিটি করপোরেশন নির্বাচনের। একটা তামাশার নির্বাচন হয়েছিল।

তিনি বলেন, আমাদের ভোটের অধিকার ফিরিয়ে আনতে হবে। গণতন্ত্র ফিরিয়ে আনতে হবে। এজন্য আমাদের জনমত গড়ে তুলতে হবে।

ঢাকা দক্ষিণের ধানের শীষের প্রার্থী ইশরাক হোসেন বলেন, এই সরকারের অধীনে যদি এক হাজারটা নির্বাচন হয়, তাহলে একই ফলাফল হবে। যে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা ছিল, সেই ব্যবস্থায় ফিরে না যাওয়া পর্যন্ত বাংলাদেশ স্বাধীন রাষ্ট্রে আর কোনোদিনও ফেরত যাবে না।

পুলিশ সম্পর্কে মনগড়া

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীতে মুজিববর্ষ উপলক্ষ্যে মাসব্যাপী ভলিবল প্রশিক্ষণের সমাপনি

মেহেরপুরের গাংনীতে মুজিববর্ষ উপলক্ষ্যে মাসব্যাপী ভলিবল প্রশিক্ষণের সমাপনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক কর্মসূচির আওতায় জেলা ক্রীড়া অফিসের আয়োজনে গতকাল সকাল ১১ টায় গাংনী উপজেলা পরিষদ চত্তরে এ সমাপনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

আমন্ত্রিত অতিথি ছিলেন গাংনী পাইলট হাইস্কুল এন্ড কলেজের সাবেক ক্রীড়া শিক্ষক আশরাফুল হক, গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক আতর আলী প্রমুখ।

এসময় ভলিবল প্রশিক্ষণের সহকারী আলামিন হোসেন, আব্দুল গাফ্ফার, ও ক্রীড়ামোদী বৃন্দ উপস্থিত ছিলেন। পরে খেলোয়ারদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীতে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

জয় পরিষদের উদ্যোগে শুক্রবার বিকাল সাড়ে ৩ টায় তার বাস ভবনের সামনে অসহায় ও দুস্থদের মাঝে তিনি শীতবস্ত্র বিতরণ করেন।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা,মটমুড়া ইউটি চেয়ারম্যান সোহেল আহমেদ,আওয়ামীলীগ নেতা আক্তারুজ্জামান বাবু ও এমপি পত্নী লাইলা আরজুবান বানু শিলা।

এসময় সংসদ সদস্য মোহামামদ সাহিদুজ্জামান খোকন শীতার্ত অসহায় মানুষদের সহযোগিতার জন্য সকল শ্রেনী পেশার মানুষদের এগিয়ে আসার আহবান জানান।

এসময় আওয়ামীলীগ ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঠিকাদারের মামলায় দূর্ভোগে গাংনীর লক্ষাধিক মানুষ

একটি মামলার কারণে মেহেরপুরের গাংনীর তিনটা গুরুত্বপূর্ন সড়ক সংস্কার কাজ বন্ধ রয়েছে কয়েক বছর। সড়ক গুলো চলাচলে অনুপযোগী হওয়ার কারনে লক্ষাধিক মানুষ চরম দূর্ভোগে পড়েছে।

বামুন্দী-কাজিপুর, কাজিপুর নওদাপাড়া, আকুবপুর মোহাম্মদপুর হয়ে গোয়াল গ্রাম পর্যন্ত এই তিনটি সড়ক ঠিকাদারের মামলার কারনে দীর্ঘ কয়েক বছর সংস্কার কাজ বন্ধ রয়েছে। দ্রত সময়ের মধ্যে মামলার নিস্পতি করে সড়ক সংস্কারের দাবি করেছে ভুক্তভুগীরা।

স্থানীয়রা জানিয়েছে, এই তিনটি গুরুত্বপূর্ন সড়ক খানাখন্দে পরিনত হওয়ায় প্রতিনিয়ত বাস ট্রাক ইজিবাইক মটরসাইকেল উল্টে পঙ্গুত্ব বরণ করেছে অনেকেই। ভাঙ্গাচোরা রাস্তা দিয়ে চলাচল করতে গিয়ে যানবাহন বিকল হয়ে পড়ছে। সড়ক দিয়ে চলাচল কষ্ট সাধ্য হয়েছে পড়েছে এলাকাবাসির। বার বার আশ্বাস দিলেও মামলা নিস্পত্তি না হওয়া ক্ষোভ প্রকাশ করেছে এলাকাবাসি।

গাংনী উপজেলা প্রকৌশলীর দপ্তর থেকে জানা গেছে, প্রায় ২ বছর পূর্বে বামুন্দী কাজিপুর সড়ক ১ কোটি ৫ লক্ষ,মোহাম্মদপুর-গোয়াল

গ্রাম ১ কোটি ১৩ লক্ষ ও নওদাপাড়া-কাজিপুর সড় প্রায় ৩ কোটি টাকার টেন্ডার হলেও কাজ বুঝিয়ে না দেওয়ার কারনে চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার জাকা মোল্লা নামের এক ঠিকাদার হাইকোর্টে একটি মামলা দায়ের করে। মামলার কারনে সড়ক গুলোর সংস্কার কাজ বন্ধ রয়েছে।

গাংনী উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ জানান, মামলাটি দ্রত সময়ের মধ্যে নিস্পত্তি করার চেষ্টা চলছে। মামলা নিস্পত্তি হওয়ার সাথে সাথেই রাস্তা সংস্কার করার ব্যপারে ব্যবস্থা নেয়া হবে।

স্থানীয়রা জানান, এই তিনটি সড়ক দিয়ে ঢাকার সাথে সরাসরি কৃষি পন্য পরিবহন করা হয়। স্কুলের শিক্ষার্থীরাও চলাচলে বিপাকে পড়েছে। বর্তমানে রাস্তা তিনটি চলচল অনুপোযুগী হয়ে পড়ায় এ এলাকায় ব্যবসা বানিজ্য ধস নেমেছে।

এ বিষয়ে কথা বলতে ঠিকাদার জাকা মোল্লার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে তিনি রিসিভ করেনি।